



জাতীয় স্বার্থ নিশ্চিত হলেই প্রধানমন্ত্রীর ভারত সফর: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

ভারতের সঙ্গে বাংলাদেশের ইতিবাচক ও কার্যকর সম্পর্ক বজায় রাখার আগ্রহের কথা জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তবে কোনো দেশের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রেই বাংলাদেশের জাতীয় স্বার্থকে পাশ কাটিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে না বলে জানিয়েছেন তিনি।

শনিবার (২২ আগস্ট) সাভারের জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী।

ভারত সফরের সন্তাবনা নিয়ে হুমায়ুন কবির বলেন, দুই দেশের মধ্যে আলোচনার মাধ্যমে বাংলাদেশের জাতীয় স্বার্থ নিশ্চিত করার পর উপযুক্ত সময়েই সফরের সিদ্ধান্ত নেওয়া হবে। ভারত বাংলাদেশের প্রতিবেশী দেশ হওয়ায় তার সঙ্গে কার্যকর সম্পর্ক রাখা প্রয়োজন বলেও উল্লেখ করেন তিনি।

শেখ হাসিনার বিষয়ে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, তিনি ভারতে পালিয়ে যাওয়া একজন সন্ত্রাসী। হাজার হাজার মানুষ হত্যার পর তিনি সেখানে গেছেন বলে মন্তব্য করেন হুমায়ুন কবির। তাঁর বিরুদ্ধে বিচারিক কার্যক্রম চলমান রয়েছে এবং কয়েকটি মামলার রায়ও হয়েছে। আরও কিছু মামলা বর্তমানে বিচারাধীন রয়েছে বলেও জানান তিনি।

শেখ হাসিনাকে ফেরত আনার প্রসঙ্গে তিনি বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রতাপর্ণ চুক্তি রয়েছে। তাই এ বিষয়টি দুই দেশের মধ্যে নতুন কোনো সিদ্ধান্ত কিংবা নতুন করে যোগাযোগের বিষয় নয়; এটি ইতোমধ্যে চলমান একটি বিষয়।

ভারত সফরের সময় নিয়ে কোনো তাড়াহুড়ো নেই জানিয়ে হুমায়ুন কবির বলেন, জাতীয় স্বার্থের ভিত্তিতে যদি আগামীকালও দুই দেশ কোনো বিষয়ে ঐকমত্যে পৌঁছাতে পারে, তাহলে পরের সপ্তাহ বা তার পরের সপ্তাহে সফর হতে পারে।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী পর্যায়ের সফর হঠাৎ করে আয়োজন করা সম্ভব নয়। এমন সফরের আগে দুই দেশের মধ্যে প্রয়োজনীয় আলোচনা, প্রস্তুতি ও বিভিন্ন বিষয়ে সমন্বয়ের প্রয়োজন হয়। দুই দেশের সরকারপ্রধানের বৈঠককে শুধু আনুষ্ঠানিকতা হিসেবে দেখার সুযোগ নেই; এর পেছনে গুরুত্বপূর্ণ প্রস্তুতি ও আলোচনা থাকে।